ইত্তেফাক

তারিখ 20 JUL 1986
পৃষ্ঠা 11 কলাম 7

# শিল্পকলা একাডেমী সম্পর্কে সুপারিশ প্রণয়নে ৫ সদস্যের কমিটি

এক গেজেট বিজ্ঞপ্তির বরাত দিয়া বাসস জানায়, সরকার বাংলাদেশ শিল্পকলা একাডেমীর দায়িত্ব ও কার্যক্রম নির্দিষ্ট করার জন্য ৫ সদস্যের একটি কমিটি গঠন করিয়াছেন। পরিকল্পনা কমিশনের সদস্য এম, মুজিবুল হকের নেতৃত্বে গঠিত এই কমিটিকে যতশীঘ্র সম্ভব সুপারিশ দাখিল করিতে বলা হইয়াছে। কমিটি বাংলাদেশ শিল্পকলা একাডেমী অধ্যাদেশ, ১৯৭৪ অনুযায়ী সুপারিশ পেশ করিবে।

কমিটির অপর সদস্যগণ হইতেছেন ঃ শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক ডিভিশনের সচিব; জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী; ইমিগ্রেশন ও পাসপোর্ট ডিপার্টমেন্টের অবসরপ্রাপ্ত মহাপরিচালক কাজী বাহাউদ্দিন আহমদ এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমীর মহাপরিচালক (সদস্য-সচিব)।